

ভোয়ের কাগজ



ইউএসটিসির দ্বিতীয় সমাবর্তনে রাষ্ট্রপতি বি. চৌধুরী প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর আয়-ব্যয়ের স্বচ্ছতা নিয়ে প্রশ্ন আছে

চট্টগ্রাম অফিস : বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ইউএসটিসি) দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি এবং ইউএসটিসির চ্যান্সেলর অধ্যাপক ড. এ কিউ-এম বদরুদ্দোজা চৌধুরী গতকাল বলেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বা উদ্যোক্তারা কোনো কোনো ক্ষেত্রে ব্যবসায়ী মন নিয়ে বিশ্ববিদ্যালয়গুলো পরিচালনা করছেন বলে অভিযোগ রয়েছে। এমনকি আয়-ব্যয়ের স্বচ্ছতা নিয়েও প্রশ্ন উঠেছে। অনেক বিশ্ববিদ্যালয়ে অন্তর্ভুক্ত-কম্বাই-বিবাদের কথা শোনা যায়। এগুলো স্বাস্থ্যকর পরিবেশের সহায়ক হয় না। সার্বিক শিক্ষা এবং প্রশিক্ষণ ছাড়া কোনো দেশ উন্নতি লাভ করতে পারে না। তথা অনেক শিক্ষা প্রতিষ্ঠানে এখনো নকল প্রবণতা আমাদের বেদনার কারণ হয়ে আছে।

ইউএসটিসি প্রাঙ্গণে অনুষ্ঠিত এই সমাবর্তন অনুষ্ঠানে মূল বক্তা ছিলেন দক্ষিণ-পূর্ব এশিয়ার সায়েন্টিস্ট এসোসিয়েশনের সভাপতি এম এই ইলিয়াস ধামী। গতকালের অনুষ্ঠানে স্বাক্ষর (অনার্স) ও স্বাক্ষরকৃত ৩২২ জন ডিগ্রিধারীর মধ্যে ১৪১ জন রাষ্ট্রপতির কাছ থেকে শিক্ষা সনদ গ্রহণ করেন। এছাড়াও নিজ নিজ ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ১২ জন বিশিষ্ট ব্যক্তিকে ম্যান অব এচিভমেন্ট সম্মানে ভূষিত করা হয়। এরা হলেন, প্রফেসর জামাল নজরুল ইসলাম, প্রফেসর ডা. পিবি রায়, প্রফেসর এ কে এম মাহবুবুর রহমান, প্রফেসর এম এ হাদী, প্রফেসর তোফায়েল আহমেদ, প্রফেসর এ টি এম জাহরুল হক, প্রফেসর আমিরুল ইসলাম চৌধুরী, প্রফেসর কামাল উদ্দিন, প্রফেসর মোহাম্মদ আলী, প্রফেসর এ জব্বার, এম ফেরদৌস খান এবং প্রফেসর ডা. ধীরাজ মাহমুদ শাহ।

সমাবর্তনের সনদপত্রপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি বলেন, আজ থেকে তাদের ওপর অর্পিত হলো সেবার মহান ব্রত এবং উপার্জনের কঠিন দায়িত্ব। ইউএসটিসির প্রতিষ্ঠাতা উপাচার্য জাতীয় অধ্যাপক ডা. নুরুল ইসলাম তার ভাষণে দেশের বৃহত্তম বেসরকারি বিশ্ববিদ্যালয়টি গড়ে তুলতে যারা যারা সাহায্য করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, এই প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ উন্নতমানের। এখানকার পরিবেশ শান্ত, শেখানজট নেই, নকলের প্রবণতা নেই। আমরা শৃঙ্খলায় বিশ্বাসী, উপযুক্ত শাস্তি প্রদানে সাহসী অভিভাবক-ওডানুধ্যায়ীদের প্রতি তিনি বলেন, এতোদিন আপনারা যেভাবে সাহায্যের হাত বাড়িয়েছেন তা সংকুচিত করবেন না— বরং সম্প্রসারিত করবেন।